ইত্তেফাক

008

তারিখ ... ... 13.4.78 ... ...
পৃষ্ঠা... ... ৪ ... কলাম ... ৪ ... ...

# জাতীয় গ্রন্থকেন্দ্রের পুরস্কার

১৯৭৭ সালে প্রকাশিত পুস্তকের উন্নত মুদ্রণ, অঙ্গ সৌষ্ঠব ও শ্রেষ্ঠ প্রচ্ছদের জন্য জাতীয় গ্রন্থকেন্দ্রের পুরস্কার ঘোষণা করা হইয়াছে।

গ্রন্থকেন্দ্রের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, মুদ্রণ ও অঙ্গ সৌষ্ঠবের জন্য আবদুল হালিম ও নুরুন্নাহার রচিত ও স্বজনী প্রকাশিত 'মানুষের ইতিহাস' এবং মুস্তাফা নুরউল ইসলাম রচিত ও বাংলা একাডেমী প্রকাশিত 'সাময়িক পত্রে জীবন ও জনমত' যথাক্রমে প্রথম ও দ্বিতীয় পুরস্কার লাভ করিয়াছে। শিশু-কিশোর সাহিত্যে মুনতাসীর মামুন রচিত ও বাংলা একাডেমী প্রকাশিত 'দ্বীপ দ্বীপান্তর' এবং এখলাস উদ্দিন আহমদ রচিত ও বাংলা একাডেমী প্রকাশিত 'কাটুম কুটুম' যথাক্রমে প্রথম ও দ্বিতীয় পুরস্কার লাভ করিয়াছে। ইহাছাড়াও বড়দের সাহিত্যে প্রচ্ছদের জন্য কামাল মাহমুদ অংকিত 'ছাপাখানার ইতিকথা' ও শিশু-কিশোর সাহিত্যে রফিকুন নবী অংকিত 'তুতুলের পুতুল' শ্রেষ্ঠ পুরস্কার লাভ করিয়াছে।